# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 13 April, 2025

মাদারীপুরের রাজৈর উপজেলায় পূর্ব শত্রুতার জেরে দুই গ্রামের বাসিন্দাদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে।শনিবার (১২ এপ্রিল) রাত ৯টার দিকে রাজৈরের বেপারীপাড়া মোড়ে এই সংঘর্ষ হয়, যেখানে পুলিশ ও সেনাসদস্যসহ অন্তত ২৫ জন আহত হয়েছেন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, ঈদের পরদিন গত বুধবার (২ এপ্রিল) রাজৈরের কুন্ডুপাড়ার ফুচকা ব্রিজ এলাকায় বাজি ফাটানোকে কেন্দ্র করে বদরপাশা গ্রামের জুনায়েদ আকন ও মোয়াজ্জেম খানের ছেলে জোবায়ের খানের মধ্যে উত্তেজনার সূত্রপাত ঘটে।এর জের ধরে পরদিন বৃহস্পতিবার (৩ এপ্রিল) সকালে জুনায়েদ ও তার সহযোগীরা জোবায়েরকে পিটিয়ে ডান পা ভেঙে দেয়।

ঘটনার পর জোবায়েরের বড় ভাই অনিক খান রাজৈর থানায় জুনায়েদসহ ছয়জনের নাম উল্লেখ করে মামলা দায়ের করেন।এরপর থেকেই উভয় গ্রামের মাঝে উত্তেজনা বাড়তে থাকে এবং অবশেষে শনিবার (১২ এপ্রিল) রাতে সংঘর্ষে রূপ নেয়।

ঘণ্টাব্যাপী চলা এই সংঘর্ষে দেশীয় অস্ত্র, ইট-পাটকেল ব্যবহার করা হয়।বেপারীপাড়া মোড়ের বাজারের কয়েকটি দোকানে লুটপাট ও ভাঙচুরের ঘটনাও ঘটে।

খবর পেয়ে রাজৈর থানার পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।সংঘর্ষে রাজৈর থানার ওসি মোহাম্মদ মাসুদ খান, তদন্ত ওসি সঞ্চয় কুমার ঘোষ, এসআই তারেকসহ অন্তত ১২ জন পুলিশ সদস্য আহত হয়েছেন।

এছাড়া স্থানীয়দের মধ্যে সালাউদ্দিন (১৮), সাগর আকন (২৩), ওমর মোল্লা (২২), ইমন খান (২০), সাব্বির শেখ (১৮) ও পুলিশ সদস্য জুয়েলসহ ৯ জন রাজৈর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিয়েছেন।

রাজৈর থানার ওসি মোহাম্মদ মাসুদ খান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, পূর্ব বিরোধের জেরে সংঘর্ষ হয়েছে।এতে আমি নিজে, তদন্ত ওসি ও অন্যান্য পুলিশ সদস্য আহত হয়েছি।বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।

মাদারীপুর বাজি ফাটানো দুই গ্রাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:37

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/199251699